16

দৈনিক ইত্তেফাক

তারিখ 04 SEP 1993
পৃষ্ঠা ৬ কলাম ৩

# বরিশালে 'শিক্ষার জন্য খাদ্য' কর্মসূচী

বরিশাল অফিস ॥ 'শিক্ষার জন্য খাদ্য' কর্মসূচী শুরু হয়েছে এ জেলায় গত ২৯শে আগষ্ট হতে। ঐ দিন শহরতলীর বিশ্বাসের হাট প্রাইমারী স্কুলে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা প্রশাসক মোঃ মমতাজউদ্দিন। কোতয়ালী থানার চন্দ্রমোহন ইউনিয়নের ১০টি প্রাইমারী স্কুলকে এ কর্মসূচীর আওতায় আনা হয়েছে। থানার অর্থনৈতিক ও শিক্ষার দিক হতে সবচেয়ে পশ্চাৎপদ ইউনিয়নকে এ কর্মসূচীর আওতায় আনার সরকারী নির্দেশ অনুসারে জেলার দশটি ইউনিয়নে এ কর্মসূচী চালু হচ্ছে। তালিকাভুক্ত বিদ্যালয়ের দুঃস্থ বিধবার সন্তান, ভূমিহীন ও দিনমজুরের সন্তান ও অসচ্ছল পেশাজীবীর সন্তানদের নামে জনপ্রতি ১৫ কে,জি গম বরাদ্দ হবে। একই পরিবারের সর্বোচ্চ ২ সন্তান এ সুযোগ পাবে। তবে শিক্ষার্থীকে অবশ্যই শতকরা ৮৫ দিন স্কুলে উপস্থিত থাকতে হবে। যারা ভিজিডি, আর,এম,পি বা অনুরূপ কর্মসূচীর সুযোগ ভোগ করছে তারা এই কর্মসূচীর সুবিধা পাবে না। ৬-১০ বছরের শিশুদের অভিভাবকদের এ গম দেয়া হবে।

গত রবিবারে ঐ উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক দু'জন অভিভাবকের মধ্যে গম বিতরণ করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে প্রাইমারী শিক্ষার সহকারী পরিচালক ইউনুস আলী, জেলা শিক্ষা অফিসার বি,হালদার, টিএনও মুজিবুর রহমান ও থানা শিক্ষা অফিসার জলিল হাওলাদার বক্তৃতা দেন।